

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৭৩
আগরতলা, ৫ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

বিধানসভায় স্মৃতিচারণ

বিধায়ক সুরজিত দত্ত এবং বিধায়ক শামসুল হকের মৃত্যুতে আজ রাজ্য বিধানসভায় শোক জ্ঞাপন করা হয়েছে। অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন প্রয়াত দুই বিধায়কের স্মৃতিচারণ করে তাদের দীর্ঘ রাজনৈতিক এবং সামাজিক কর্মকাণ্ডের তথ্য তুলে ধরে শ্রদ্ধা জানান। তিনি প্রয়াত দুই বিধায়কের পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানান। সব শেষে বিধানসভার সদস্যগণ দুই মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন করে প্রয়াত দুই বিধায়কের প্রতি শ্রদ্ধা জানান।
